কানাইঘাটে শিক্ষক দিবস উপলক্ষ্যে বর্ণাঢ্য র্যালী

কানাইঘাট প্রতিনিধিঃ “শিক্ষকদের হাত ধরেই শিক্ষা ব্যবস্থার রূপান্তর শুরু” এই প্রতিপাদ্যকে সামনে রেখে শিক্ষক দিবস-২২ উপলক্ষ্যে কানাইঘাটে সর্বস্তরের শিক্ষকদের অংশগ্রহণে বর্ণাঢ্য র্যালী অনুষ্ঠিত হয়েছে।
এ উপলক্ষ্যে আজ বৃহস্পতিবার সকাল ১১টার দিকে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের সামনে কানাইঘাট উপজেলার সকল কলেজ, উচ্চ মাধ্যমিক, কারিগরি, মাধ্যমিক বিদ্যালয় এবং প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা জড়ো হন। একপর্যায়ে সেখান থেকে কয়েক’শ শিক্ষকদের অংশগ্রহণে কানাইঘাট সরকারি উচ্চ বিদ্যালয় ও রামিজা বালিকা উচ্চ বিদ্যালয় বেন্ডপার্টি ও স্কাউর্ট দলের সদস্যদের বাধ্যযন্ত্রের তালে তালে বর্ণাঢ্য র্যালী বের হয়ে কানাইঘাট বাজার প্রদক্ষিণ শেষে রামিজা বালিকা উচ্চ বিদ্যালয় ত্রিমোহনী পয়েন্টে গিয়ে শেষ হয়।
সেখানে সংক্ষিপ্ত বক্তব্যে কানাইঘাট সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাবিব আহমদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তরিকুল ইসলাম, বাংলাদেশ শিক্ষক সমিতি সিলেট জেলা শাখার সভাপতি ও রামিজা বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মামুন আহমদ, কানাইঘাট মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ও মানিকগঞ্জ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এখলাছে এলাহী ও উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ইকবাল হোসেন বলেন, শিক্ষাবান্ধব মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষক দিবসের সূচনা করায় সারা বাংলাদেশে শিক্ষক সমাজকে গৌরাবান্বিত করেছেন। এজন্য কানাইঘাট উপজেলার সকল শিক্ষকদের পক্ষ থেকে প্রধানমন্ত্রীকে তারা অভিনন্দন ও শুভেচ্ছা জানান। শিক্ষক দিবসের সূচনা করায় সারা দেশে শিক্ষকদের মধ্যে ভ্রাতৃত্ববোধের জাগরণ সহ শিক্ষকরা আরো আন্তরিকতার সহিত পাঠদানের মাধ্যমে শিক্ষা ব্যবস্থাকে অনেক দূর এগিয়ে নিয়ে যাবেন। সেই সাথে শিক্ষক সমাজের ন্যায্য দাবী-দাওয়া বাস্তবায়নের পথ সুগম হবে।